

DD(ATM)
ADDRESS
১৪/০৩/২০২২
১৪/০৩/২০২২

মানুষযোগ বিভাগ
চাকরি নম্বরঃ ২৪৬০
তারিখঃ ১৪/০৩/২০২২

বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা
শৃঙ্খলা ও তদন্ত শাখা
www.caab.gov.bd



নাম নং: ৩০.৩১.০০০০.২২১.১৪.১৮৮.১৭.

২০২২/২৩০৪

তারিখ: ১১-০৯-২০২২ খ্রিঃ।

বিষয়: দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ।

যেহেতু, আপনি জনাব মোঃ মাসুদ রানা রনি বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষের রেডিও টেকনিশিয়ান পদে নিয়োগপ্রাপ্ত হয়ে বিগত ১৬/০৭/২০১৭ তারিখ চাকরিতে যোগদান করেন এবং প্রশিক্ষণ শেষে শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রামে কর্মরত থাকারসময় গত ২১/০৩/২০২১ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত আছেন;

২.০ যেহেতু, বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় উক্ত দপ্তর কর্তৃক গত ২৮/০৪/২০২১ তারিখ কৈফিয়ত তলব করা হলে আপনি পত্র গ্রহণ করেন কিন্তু কোন জবাব দাখিল করেননি এবং পরবর্তীতে সদর দপ্তর হতেও ব্যাখ্যা তলব করে আপনার বর্তমান ও স্থায়ী ঠিকানায় গত ১৩/১০/২০২১ ও ১৬/১১/২০২১ তারিখ পত্র দেওয়া হলেও আপনি কর্তৃপক্ষের কোন পত্রের জবাব প্রদান না করে দীর্ঘদিন যাবৎ কর্মস্থলে অনুপস্থিত আছেন;

৩.০ যেহেতু, দীর্ঘদিন যাবৎ কর্মস্থলে অনুপস্থিত থাকায় আপনি কর্তৃপক্ষের চাকরি ত্যাগ করেছেন মর্মে স্পষ্টতঃ প্রতীয়মান হওয়ায় এবং আপনার উক্তরূপ কার্যকলাপ বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৪৯ (গ) বিধি অনুযায়ী 'পলায়ন'-এর পর্যায়ভুক্ত শাস্তিযোগ্য অপরাধ বিধায় উপর্যুক্ত অপরাধে আপনার বিরুদ্ধে স্মারক নং-৩০.৩১.০০০০.২২১.১৪.১৮৮.১৭.৫৪৩ তারিখ: ২৪/০৫/২০২২ মূলে বিভাগীয় মামলা নং-০৭/২০২২ রুজু করা হয় এবং বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী আপনার ব্যক্তিগত ই-মেইল, বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরণ করা হয়;

৪.০ যেহেতু, বর্ণিত অভিযোগ হেতু উক্ত প্রবিধানমালার ৫০(১)(খ)(উ) বিধি অনুযায়ী কেন আপনার উপর "চাকরি হতে বরখাস্তকরণ" গুরুদণ্ড আরোপ করা হবে না অথবা অন্য কোন উপযুক্ত দণ্ড প্রদান করা হবে না মর্মে অভিযোগনামা প্রাপ্তির ১০(দশ) কার্যদিবসের মধ্যে সরাসরি তার জবাব প্রদানসহ আপনি সশরীরে ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণে ইচ্ছুক কিনা তাও লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়;

৫.০ যেহেতু, আপনি নির্ধারিত সময়ের মধ্যে কোন জবাব প্রদান না করায় বা ব্যক্তিগত শুনানীতে অংশগ্রহণ না করায় আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলার অভিযোগনামায় আনীত অভিযোগ তদন্তের সিদ্ধান্ত হলে একজন তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয় এবং তদন্তকারী কর্মকর্তা অভিযোগ তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন; এবং

৬.০ যেহেতু, আপনার বর্তমান ও স্থায়ী ঠিকানায় প্রেরিত পত্র ফেরত এসেছে এবং আপনার ই-মেইলে প্রেরিত অভিযোগনামার কোন জবাব না দেওয়ায় বিভিন্ন তথ্য উপাত্ত বিশ্লেষণ করে আপনি কর্তৃপক্ষের সাথে যোগাযোগ না করে ইচ্ছাকৃতভাবে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন মর্মে আপনার বিরুদ্ধে বিভাগীয় মামলার অভিযোগনামায় আনীত 'পলায়ন'-এর অভিযোগ সুস্পষ্টভাবে তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদনে প্রমাণিত হয়েছে;

৭.০ সেহেতু, তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে অভিযোগের গুরুত্ব বিবেচনায় বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ-এর কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২১ এর ৫০(১)(খ)(উ) বিধি মোতাবেক বেবিচক আপনাকে 'চাকরি হতে বরখাস্তকরণ' গুরুদণ্ড আরোপের সিদ্ধান্ত গ্রহণ করেছে।

৮.০ সেহেতু, উক্ত সিদ্ধান্ত মোতাবেক কেন আপনাকে কর্তৃপক্ষের 'চাকরি হতে বরখাস্তকরণ' দণ্ড প্রদান করা হবে না, সে বিষয়ে প্রবিধানমালা, ২০২১ এর ৫৩(৬) প্রবিধি মোতাবেক ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে কারণ দর্শানোর জন্য নির্দেশ প্রদান করা হলো। যথাসময়ে জবাব পাওয়া না গেলে একতরফাভাবে বিধি মোতাবেক পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে।

জনাব মোঃ মাসুদ রানা রনি
পিতা-মোঃ আব্দুস সালাম
রেডিও টেকনিশিয়ান, বেবিচক।
বর্তমান ঠিকানা: ২৪১/২, মান্নান টাওয়ার, তেজকুনিপাড়া, তেজগাঁও, ঢাকা-১২১৫।
স্থায়ী ঠিকানা: গ্রাম-বারুয়াখালী, পোস্ট-হাট বারুয়াখালী, থানা-নবাবগঞ্জ, জেলা-ঢাকা।

মোঃ মিজানুর রহমান
সদস্য (প্রশাসন)
বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ।
৮৯০১০৬৮

বিতরণ:

- ১। নির্বাহী পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা।
- ২। পরিচালক (সিএনএস), সিএএবি, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা (পত্রটি সিএএবি'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। পরিচালক, শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম (পত্রটি সংশ্লিষ্ট কর্মচারীর ব্যক্তিগত ই-মেইল, WhatsApp (যদি থাকে) নম্বরে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণসহ প্রমাণক সদর দপ্তরে প্রেরণের জন্য)।
- ৪। উপ-পরিচালক (প্রশাসন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, কুর্মিটোলা, ঢাকা।